

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
অর্থ শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd

০১ অগ্রহায়ণ, ১৪৩২ বঙ্গাব্দ

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০২.০৮.০১০.২৫-৭০০

তারিখ: ১৬ নভেম্বর, ২০২৫ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন আমিনাবাদ হাকিমিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নূরুল ইসলাম, সহকারী প্রাথমিক জনাব হাসান এবং সহকারী শিক্ষক (আইসিটি) জনাব আমিনুল ইসলাম এর এমপিও সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এ মর্মে কারণ দর্শানো প্রসঙ্গে।

সূত্র: ১। ডিএমই এর ডকেট নং: ২৪০৭৯ তারিখ: ১৯/১০/২০২৫ খ্রি.


উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন আমিনাবাদ হাকিমিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নূরুল ইসলাম (ইনডেক্স নং: B067890) কর্তৃক মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির জাল পত্র তৈরি করে, ডুয়া নিয়োগ বোর্ড গঠন ও জাল ফলাফল শীট তৈরি করে জনাব হাসান (ইনডেক্স নং: B0068248), সহকারী প্রাথমিক পদে ৩০/১/২০২১ তারিখে নিয়োগ প্রদান করা হয় এবং জনাব আমিনুল ইসলাম (ইনডেক্স নং: B0065440), সহকারী শিক্ষক (আইসিটি) -কে ১৫/০৩/২০২৫ তারিখ নিয়োগ প্রদান করা হয়। সুপার কর্তৃক এমপিওভুক্তির জন্য সেপ্টেম্বর/২০২৫ মাসে মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরে আবেদন করা হলে তা অনুমোদন দেয়া হয়। পরবর্তীতে সূত্রোক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে এমপিও বাছাই ও অনুমোদন কমিটির সিদ্ধান্ত মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ (২৩ নভেম্বর ২০২০ পর্যন্ত সংশোধিত) এর ১৮.১ (গ) এবং (ঙ) অনুযায়ী জনাব হাসান (ইনডেক্স নং: B0068248), সহকারী প্রাথমিক এবং জনাব আমিনুল ইসলাম (ইনডেক্স নং: B0065440), সহকারী শিক্ষক (আইসিটি) এর বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিত করা হয়।

এমতাবস্থায়, ভোলা জেলার চরফ্যাশন উপজেলাধীন আমিনাবাদ হাকিমিয়া দাখিল মাদ্রাসার সুপার জনাব মো: নূরুল ইসলাম (ইনডেক্স নং: B067890) কর্তৃক মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধির নিয়োগের জাল চিঠি তৈরি করা, ডুয়া নিয়োগ বোর্ড গঠন করা ও জাল ফলাফল শীট তৈরি করে এমপিওভুক্তিতে সহযোগিতা করায় আপনার বেতন ভাতা (এমপিও) সাময়িক স্থগিতসহ কেন স্থায়ীভাবে বন্ধ করা হবে না এবং জনাব হাসান (ইনডেক্স নং: B0068248), সহকারী প্রাথমিক, জনাব আমিনুল ইসলাম (ইনডেক্স নং: B0065440), সহকারী শিক্ষক (আইসিটি) এর ইনডেক্স কেন কর্তন করা হবে না মর্মে আগামী ১৯/১১/২০২৫ তারিখের মধ্যে প্রয়োজনীয় ডকুমেন্টসহ সন্তোষজনক লিখিত জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

- ১। সুপার, জনাব মো: নূরুল ইসলাম (ইনডেক্স নং: B067890)
- ২। জনাব হাসান (ইনডেক্স নং: B0068248) সহকারী প্রাথমিক
- ৩। জনাব আমিনুল ইসলাম (ইনডেক্স নং: B0065440), সহকারী শিক্ষক (আইসিটি)

অনুলিপি সদয় কার্যার্থে:

- ১। পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ২। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
- ৩। সভাপতি, আমিনাবাদ হাকিমিয়া দাখিল মাদ্রাসা, চরফ্যাশন, ভোলা।
- ৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।
- ৫। সংরক্ষণ নথি।



মোঃ বুলবুল আহমেদ
সহকারী পরিচালক (অর্থ)

ও

সদস্য সচিব

এমপিও বাছাই ও অনুমোদন কমিটি
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০৮৯৩